R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-৯, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

সবার সেরা
কালি, গাম, প্যাড ইঙ্ক
প্যারাগন কালি
প্যারাফিক্স, প্যাড ইঙ্ক
শ্যামনগর
২৪-পরগণা

১০ম বর্ষ
১৬শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৪ই ভাদ্র, বুধবার, ১৩৯০ সাল
৩১শে আগষ্ট, ১৯৮৩ সাল।
নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২্, সডাক ১৭্

## জঙ্গিপুরে মাতৃসদন বিশ বাঁও জলে

জঙ্গিপুর এবং জঙ্গিপুর সংলগ্ন অঞ্চল ধনপতনগর, লালখানদিয়াড়, জয়রামপুর, মিঠিপুর, সেকেন্দ্রা—এই সমস্ত বিস্তীর্ণ এলাকার লোকেদের কাছে জঙ্গিপুরে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং মাতৃসদন স্থাপন যে তিমিরে সেই তিমিরেই থেকে গেল। কংগ্রেসী আমল থেকে জঙ্গিপুরে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও মাতৃসদন নির্মাণের উপর গুরুত্ব দেওয়া হয়েছিল বলে জানা যায়। তারপর সরকার বদল হয়েছে। বর্তমান বামফ্রন্ট সরকার নির্বাচনের পূর্বে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে জঙ্গিপুরে একটি মাতৃসদন স্থাপিত হবে। সে প্রতিশ্রুতি আজও বাস্তবে রূপায়িত হল না। প্রচণ্ড বর্ষায় কোন আসন্ন প্রসবাকে গঙ্গা পার হয়ে রঘু-নাথগঞ্জ হাসপাতালে নিয়ে আসা রীতিমত বিপজ্জনক। গঙ্গার উপর ব্রিজ নির্মাণ এখন দিনে তারা দেখার মত। প্রসঙ্গত উল্লেখ্য, প্রাক্তন এম পি শশাঙ্কশেখর সান্যাল এ সম্পর্কে একবার সংসদে আলোচনা করেছিলেন। বর্তমান এম পি জয়নাল সাহেবও এ সম্বন্ধে আশ্বাসের বাণী শুনিয়েছেন। তারপর বিশেষজ্ঞরা স্থান পরিদর্শন করে গেছেন। প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষার কাজও শেষ হয়েছে। এ সম্পর্কে আমাদের পত্রিকায় এর পূর্বে সংবাদও প্রকাশিত হয়েছে। তবু এখনও সরকারের লালফিতের বাঁধন থেকে এই প্রকল্পটি বেরিয়ে আসতে পারছে না। এ সম্বন্ধে এখানকার রাজনৈতিক দলগুলি আশ্চর্য্যজনকভাবে নীরব। আমাদের সংবাদদাতার কাছে এ অঞ্চলের লোকেরা এ বিষয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। জঙ্গিপুর এলাকার লোকেরা এখনও আশা করেন বর্তমান জনদরদী বামফ্রন্ট সরকার মফঃস্বলের এই গুরুত্বপূর্ণ সমস্যাটির উপর নজর দেবেন।

## গৃহবধূ বে-ইজ্জত, শ্বশুর খুন, থানা ঘেরাও, শহরে উত্তেজনা

বিশেষ সংবাদদাতা : অষ্টাদশী এক গৃহবধূকে 'বে-ইজ্জতি'র ব্যর্থ চেষ্টা ও তার শ্বশুরকে খুন করে অরঙ্গাবাদে এক কংগ্রেসী নেতা ফেরার হয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে, ওই নেতার নাম সাজাহান মোমিন। তিনি একজন প্রাথমিক শিক্ষকও। ও সি প্রদীপ ব্যানারজি জানান, এই ঘটনার ব্যাপারে জড়িত থাকার অভিযোগে হাকু এবং হুমায়ূন নামে দু'জনকে গ্রেপ্তার করা হয়েছে। তারা এখনও জেল হাজতে। সাজাহান আগাম জামিন চেয়ে আদালতের দ্বারস্থ হওয়ায় তাকে গ্রেপ্তার করা যায়নি। ঘটনাটি ঘটেছে ৭ আগষ্ট অরঙ্গাবাদ শহর লাগোয়া ইচলিপাড়া পল্লীতে। ঘটনার বিবরণে প্রকাশ, ওই দিন সন্ধ্যে নাগাদ সাজাহান মেহেরুন্নেসা নামে এক গৃহবধূকে বে-ইজ্জতির চেষ্টা করলে হাতেনাতে ধরা পড়ে। তাকে গ্রাম-বাসীরা বেঁধে রাখে। অল্পক্ষণ পরেই কয়েকজন যুবক ও পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। তারা সাজাহানের বাঁধন খুলে দিলে সে মেহেরুন্নেসার সত্তর বছরের বৃদ্ধ শ্বশুর খোদাবক্সকে নির্মমভাবে প্রহার করে পালিয়ে যায়। খোদাবক্স পরদিন বহরমপুর হাসপাতালে মারা যায়। এই ঘটনা নিয়ে অরঙ্গাবাদে তীব্র উত্তেজনা দেখা দেয়। কয়েকশো জনতা ৯ আগষ্ট সুতি থানা ঘেরাও করে রাখে রাতভোর। পরে জঙ্গিপুরের পুলিশ ইন্সপেক্টর ভোরবেলায় ঘটনাস্থলে পৌঁছে তদন্তের আশ্বাস দিলে জনতা শান্ত ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পঞ্চায়েত সভাপতির নিরাপত্তা বিপন্ন 'জানে খতম'-এর হুমকী

বিশেষ সংবাদদাতা : সুতি-২ পঞ্চায়েত সমিতির সভাপতি সেখ নিজামুদ্দিনের নিরাপত্তা বিপন্ন হয়ে উঠেছে। কয়েকজন সমাজবিরোধী তাকে পনের দিনের মধ্যে 'জানে খতম' করার হুমকী দিয়েছে। সি পি এমের অরঙ্গাবাদ লোকাল কমিটির সম্পাদক রেজাউল করিমের অভিযোগ, সুতি থানাকে সমস্ত ঘটনা জানানো সত্বেও পুলিশ কোন রকম ব্যবস্থা নিচ্ছে না। সাম্প্রতিক কয়েকটি ঘটনার বিবরণ দিয়ে শ্রীকরিম জানান, ১৯ আগষ্ট পঞ্চায়েত সমিতি বোর্ড গঠনের পর থেকেই সভাপতির উপর হামলা ও ভীতি প্রদর্শন শুরু হয়েছে। সুতি-২ পঞ্চায়েত সমিতিতে বামফ্রন্টের কাছে কংগ্রেস পরাজিত হলে ওই দিনই রাত্রে দারিয়াপুরে সভা-পতির বাড়িতে জনকয় ব্যক্তি চড়াও হয়। পরদিন সন্ধ্যায় তার বাড়িতে যথেচ্ছভাবে বোমাবাজি করা হয়। সভাপতি নিজামুদ্দিন কোনরকমে পালিয়ে প্রাণে বাঁচেন। করিম জানান, সমস্ত ঘটনা জঙ্গিপুরের এস ডি পি ও, এস পি এবং ডি এমকে জানানো হয়েছে। কিন্তু এ যাবৎ কিছুই হয়নি। ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## অভিযোগ পত্রে কারচুপির অভিযোগ

বিশেষ সংবাদদাতা : ৭ আগষ্ট সুতি থানায় মেহেরুন্নেসা বিবির নামে নিজের বে-ইজ্জতি এবং শ্বশুরকে খুন করা সম্পর্কে যে অভিযোগ লিপিবদ্ধ করা হয়েছে ( কেশ নং ২ তাং ৭-৮-৮৩ ) তাতে প্রকৃত অভিযোগ চেপে দেওয়া হয়েছে বলে মেহেরুন্নেসা নিজেই আমাদের কাছে অভিযোগ করেছে। মেহেরুন্নেসা জানায় জনৈক মহসীন মোমিনকে দিয়ে দারোগা নস্কর-বাবু ( অরবিন্দ নস্কর ) অভিযোগ পত্রটি লেখায় এবং তাতে তার টিপসই নেন। তিনি ঘটনার যা যা বিবরণ দিয়েছিলেন তা নাকি ঠিক ঠিকভাবে লিপিবদ্ধ করা হয়নি। স্বামী মনটুর অভিযোগ, পুলিশ নিজেকে বাঁচাবার জন্যই এমনটি করেছে।

## জঙ্গিপুর কলেজ সরকারী স্বীকৃতি হারাল

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর কলেজ সরকারী স্পনসর্ড স্বীকৃতি হারালো। এতদিন ওই কলেজটিকে রাজ্য সরকার নিজস্ব তত্বাবধানে রেখে সমস্ত খরচাদি বহন কর-তেন। কিন্তু বিশ্ববিদ্যালয়ের নতুন সিদ্ধান্ত অনুসারে এ বছর থেকে জঙ্গিপুর কলেজটি বেসরকারী কলেজ হিসেবে বিবেচিত হবে। এর ফলে সরকারী তরফ থেকে কয়েকটি নির্দিষ্ট খাতে টাকা ছাড়া তেমন কোন সাহায্য পাবে না। অনেকেরই আশংকা, এই সিদ্ধান্তে কলেজে আর্থিক সংকট বাড়বে। ইতিমধ্যেই কলেজ কর্তৃপক্ষ, প্রত্যেক মাসের মাইনা মাসের ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।


# জঙ্গিপুর সংবাদ

১৪ই ভাদ্র বুধবার, ১৩৯০ সাল


## 'সম্ভবামি যুগে যুগে'

জন্মাষ্টমি—শ্রীকৃষ্ণের পুণ্য জন্মতিথি। সুদূর অতীতে ৫২০৯ বৎসর পূর্বে ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথিতে ভগবান শ্রীকৃষ্ণ নরদেহ ধারণ করিয়া মর্ত্যভূমিতে আবির্ভূত হইয়াছিলেন। তাঁহার সে জন্মস্থান এক অন্ধকার কারাগার। পিতা বসুদেব ও মাতা দেবকী সদ্যোজাত এই শিশুকে একদিকে বন্দনা করিতেছেন—শ্রীভগবান বুঝি তাঁহাদের কারাগারের দুঃখময় জীবনের অবসান ঘটাইতে আসিয়াছেন ; অন্যদিকে দারুণ উৎকণ্ঠা—এই শিশু পুত্রকে অত্যাচারী কংসের হাত হইতে কীভাবে রক্ষা করিবেন। কারণ কংস ইতিপূর্বে তাঁহাদের অপরাপর সন্তানদের হত্যা করিয়াছে। এটিও তাহার কোপ হইতে রক্ষা পাইবে না। সদা-সজাগ কংস। দেবকীর গর্ভে তাহার বিনাশকারী আসিবেন. তাহাকে কোনক্রমেই ছাড়িয়া দিবেনা। তাই অতি সুরক্ষিত কারাগার।

ঘোর দুর্যোগময়ী রজনী। মেঘাচ্ছন্ন অন্ধকার আকাশ বর্ষণমুখর। ঝটিকাপ্রবাহ ও অশনিসম্পাত। কোন্ এক অমঙ্গলের অবতারণা ? সে কি কংসের ?

যুগে যুগে যে সকল কংস জনজীবনকে দুঃসহ করিয়া তোলে চরম অত্যাচার-নিপীড়নে, এই দুর্যোগ তাহাদের বিনাশক্ষণের ইঙ্গিতবহ হইয়া আসে কি ? তাই সেই দিনের ঘোর রজনী অত্যাচারী কংসেরই ভাগ্য বিপর্যয়ের সূচনা ঘোষণা করিয়াছিল।

বৃন্দাবনে শ্রীকৃষ্ণের বাল্যজীবন অতিবাহিত হইল। ইহা যেন আত্মগোপন করিয়া কংসবধের প্রস্তুতিপর্ব। পরন্তু প্রতিষ্ঠিত হইল ঈশ্বরকে আত্মার আত্মীয় করিবার এক সুমহান আদর্শ।

মথুরায় কংসবধে দুষ্কৃতকারীর বিনাশসাধন, সাধুজনের পরিত্রাণ সম্পাদন। পাণ্ডব-কৌরব সমরে তাঁহার সূক্ষ্ম রাজনীতি জ্ঞান এবং শ্রীগীতার পরম শিক্ষা—যে শিক্ষা কর্মযোগের মধ্য দিয়া সুন্দর জীবনলাভের পরম মূল্যবান সার্বজনীন উপদেশ। আবার রাষ্ট্রধর্ম পালনের উজ্জ্বল দৃষ্টান্ত তিনি দেখাইয়াছেন দ্বারকায় রাষ্ট্রগঠনের মাধ্যমে।

বস্তুতঃ একদিকে শ্রীকৃষ্ণ শ্রীভগবান, দৈবীশক্তি ও লীলার পরম আধার। অপর দিকে তিনি কর্মবীর, সুচতুর রাজনীতিক এবং বিশাল সংগঠক। শ্রীকৃষ্ণোক্ত গীতায় পরমপুরুষের পবিত্রবাণী সর্বদেশে সর্বকালে অনুসরণীয়।

অত্যাচারীর বিনাশে যে ভগবান সুদর্শনচক্রধারী, যেখানে তিনি ক্ষমাহীন এবং ন্যায়ধর্ম প্রতিষ্ঠায় যিনি তৎপর, আজ ভারতের বহুবিধ দুর্যোগে তাঁহার শুভ পুনরাবির্ভাব পরম কাম্য। দেশের বাহিরে শত্রু. দেশের মধ্যে শত্রু ভারতের পরম সম্পদ বিনাশ করিতে উদ্যত। কাজেই দেশের দুর্যোগের অবসানকল্পে সেই পুরুষোত্তমকে দুষ্কৃতকারীর বিনাশসাধনে সকলেই প্রার্থনা জানাইতেছে।

### লরি চাপায় নিহত ২

নিজস্ব সংবাদদাতা : ২৪ ও ২৬ আগস্ট ৩৪ নং জাতীয় সড়কে কলকাতাগামী দুটি লরির তলায় পিষ্ট হয়ে ২ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে একজন মহিলা। তিনি লরিতে চাপা পড়েন আহিরণের কাছে। লরিটিকে পুলিশ আটক করেছে। অপর মৃত ব্যক্তি মুসারফ হোসেন। বাড়ি কাশিমনগরে। তিনি বাস থেকে নেমে রাস্তা পার হওয়ার সময় সাজুর মোড়ের কাছে লরিতে চাপা পড়েন।

### ৮ ডাকাত গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি পুলিশ ২১ আগস্ট বীরভূম সীমান্ত এলাকা থেকে লালগোলার ৪ কুখ্যাত ডাকাতকে গ্রেপ্তার করেছে। ২৩ আগস্ট ঐ থানার পুলিশ আরও ৪ জন ফেরারী ডাকাতকে পাকড়াও করে। শেষোক্ত ডাকাতেরা নশীপুরের বাসিন্দা বলে জানা যায়।

## সর্বসুন্দর রামেন্দ্রসুন্দর

শ্রীবরুণ রায়

'তোমার হৃদয় সুন্দর, তোমার বাক্য সুন্দর, তোমার হাস্য সুন্দর……'—এ উক্তি সুন্দরের পূজারী ঋষি কবি রবীন্দ্রনাথের মাতৃভূমির প্রিয় সন্তান অপর এক বাঙ্গালী রামেন্দ্রসুন্দর ত্রিবেদী সম্পর্কে। ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির উত্তরাধিকার বহন করে মুষ্টিমেয় যে কয়জন বাঙ্গালী পাশ্চাত্য জ্ঞানবিজ্ঞানের চর্চা করেছেন এবং তারপর তাঁদের প্রজ্ঞা ও সাধনালব্ধ বিদ্যা দেশমাতৃকার পাদমূলে নিবেদন করেছেন রামেন্দ্রসুন্দর তাঁদের অন্যতম পুরোধা। বেশভূষা, আলাপ আচরণ চিন্তা ও কর্মে যে খাঁটি বাঙ্গালী পুরুষসিংহরা একদিন এই বঙ্গভূমিতে বিচরণ করেছেন রামেন্দ্রসুন্দর সেই লুপ্তপ্রায় প্রজাতির অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন। আমাদের এই জেলার জেমো কান্দীর সন্তান রামেন্দ্রসুন্দর। জন্ম ২০শে আগস্ট, ১৮৬৪ খ্রীষ্টাব্দ। ছাত্রজীবন অতি উজ্জ্বল। এন্ট্রান্স পরীক্ষায় প্রথম হয়েছিলেন। তারপর একবার মাত্র এফ-এ পরীক্ষা ছাড়া তাঁকে পরীক্ষায় দ্বিতীয় স্থানে আর কেউ ঠেলে দিতে পারেননি। বি-এ পরীক্ষায় এই কৃতী ছাত্রের পরীক্ষাপত্র দেখে তাঁর কৃতী অধ্যাপক মন্তব্য করেছিলেন—'আমি এ পর্যন্ত যত রসায়নের কাগজ দেখেছি তার মধ্যে এটি সব রকম বিচারে শ্রেষ্ঠ।' এম-এ পরীক্ষা এবং রায়চাঁদ প্রেমচাঁদ বৃত্তিলাভেও রামেন্দ্রসুন্দর সেই কৃতিত্বের স্বাক্ষর রেখেছেন।

কৃতী ছাত্র রামেন্দ্রসুন্দর তাঁর জীবনে আদর্শ ছাত্র গড়ার সাধনায় অধ্যাপনাকে ব্রত হিসাবে গ্রহণ করেন। ছাত্রদেরকে ভালবেসে তিনি কাছে টেনে নিতেন। বিজ্ঞানের দুরূহ তত্ত্বকে মাতৃভাষা বাংলায় ছাত্রদের কাছে প্রাঞ্জল করে তুলতেন। নীতি ও আদর্শের জন্য বজ্রের মত কঠোর হলেও অন্তরে এই ছাত্রদরদী ও দেশপ্রেমী মানুষটি ছিলেন কুসুমকোমল।

সাহিত্যসাধক রামেন্দ্রসুন্দরকে বাঙ্গালী কোনদিন ভুলতে পারবে না। বিজ্ঞান ও দর্শনের জটিল ও দুরূহ তত্ত্বকে মাতৃভাষা বাংলায় সহজ ও সরস করে প্রকাশ করার ক্ষেত্রে আর কোন বাঙ্গালী সাহিত্যিক রামেন্দ্রসুন্দরকে অতিক্রম করতে পারেননি। তাঁর লেখায় শুধু পাণ্ডিত্য ছিল না, ছিল ভারত সংস্কৃতির জন্য তীব্র হৃদয়াবেগ, সংস্কার মুক্ত উদার বৈজ্ঞানিক স্বচ্ছ দৃষ্টি. সরস উপস্থাপনশৈলী, ভাষার প্রসাদগুণ। বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার ক্ষেত্রে রামেন্দ্রসুন্দর পথিকৃৎ। শুধু বিজ্ঞানচর্চা নয়, বিজ্ঞান, দর্শন, ধর্ম, সাহিত্য, ভাষাতত্ত্ব, শিক্ষাদর্শ, সমাজজীবন—বাঙ্গালী জীবনের সমস্ত কর্মকাণ্ডের মধ্যে তাঁর সাহিত্য সাধনা পরিব্যাপ্ত।

আত্মচেতনালাভে বাঙ্গালীকে উদ্‌বুদ্ধ করার জন্য রামেন্দ্রসুন্দরের সর্বোত্তম কীর্ত্তি—বঙ্গীয় সাহিত্য পরিষদকে কেন্দ্র করে তাঁর বহুমুখী প্রচেষ্টা। একাজে তাঁর যোগ্য সহযোগী ছিলেন রজনীকান্ত গুপ্ত, রবীন্দ্রনাথ, হরপ্রসাদ শাস্ত্রী, হীরেন্দ্রনাথ দত্ত, মনীন্দ্রচন্দ্র নন্দী প্রমুখ সেদিনের বিশিষ্ট বঙ্গসন্তানেরা। রামেন্দ্রসুন্দরের পঞ্চাশ বর্ষ পূর্ত্তি উপলক্ষে বঙ্গীয় সাহিত্য পরিষদ যে সম্বর্দ্ধনা সভার আয়োজন করে স্বয়ং রবীন্দ্রনাথ সেখানে স্বলিখিত অভিনন্দন বাণীটি পাঠ করেন।

জালিয়ানওয়ালাবাগের নিষ্ঠুর হত্যাকাণ্ডের প্রতিবাদে রবীন্দ্রনাথ যখন নাইট উপাধি ত্যাগ করে ইংরাজ শাসককে চিঠি দেন রামেন্দ্রসুন্দর তখন রোগে মুমূর্ষু। তবু সেই অন্তিম মুহূর্ত্তে বন্ধু রবীন্দ্রনাথকে তাঁর রোগশয্যা পার্শ্বে ডেকে পাঠিয়ে তিনি রবীন্দ্রনাথের স্বমুখে সেই ঐতিহাসিক চিঠিটি পড়ে শোনার বাসনা প্রকাশ করেন এবং কবিকণ্ঠের সেই পাঠ শুনতে শুনতেই তাঁর বাহ্যজ্ঞান লোপ পায়। সে জ্ঞান আর ফিরে আসেনি।

### ভ্রম সংশোধন

গত ৩ আগষ্টের জঙ্গিপুর সংবাদে এম বি এম কোং প্রাঃ লিঃ অরঙ্গাবাদের প্রকাশিত বিজ্ঞপ্তিতে ভুলবশতঃ সেল ট্যাক্স সম্পর্কিত অব্যবহৃত ১৫টি XXXB ফর্ম এর নম্বর উল্লেখ করা হয়নি। নম্বরগুলি হ'ল M No. 041463 হতে 041477।

### শিক্ষা আলোচনা সভা

ভারত সরকার কর্তৃক নিয়োজিত 'ন্যাশনাল কমিশন অন টিচার্স' আগামী ৫-৯-৮৩ হতে ৯-৯-৮৩ পর্যন্ত নয়াদিল্লীর বিজ্ঞান ভবনে দেশের বিশিষ্ট শিক্ষাব্রতী ও শিক্ষক নেতাদের এক সেমিনারের আয়োজন করেছেন। বাড়ালা রামদাস সেন হাই স্কুলের প্রধান শিক্ষক ও পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতির সভাপতি মোঃ সোহরাব উক্ত সেমিনারে যোগদানের জন্য আমন্ত্রিত হয়েছেন।

**খেলার খবর ঃ** জঙ্গিপুর—আন্তঃ জেলা প্রাথমিক পর্যায়ের সুব্রত কাপ প্রতিযোগিতায় জিয়াগঞ্জের ভনবক্স স্কুল ১-০ গোলে জঙ্গিপুর স্কুলকে পরাজিত করে দ্বিতীয় পর্যায়ে খেলার সম্মান অর্জন করে।

### সুকান্ত স্মরণে

জঙ্গিপুর ঃ গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘ প্রস্তুত কমিটির (জঙ্গিপুর) উদ্যোগে গত ২৫ আগষ্ট জঙ্গিপুর টাউন ক্লাব হলে সুকান্ত জন্ম-জয়ন্তী উৎসব সাড়ম্বরে পালিত হয়েছে। সুকান্তের গান এবং কবিতা দিয়ে 'সুকান্ত স্মরণে' শীর্ষক সঙ্গীতালেখ্যটি সকলের প্রশংসা অর্জন করেছে বলে সংবাদে প্রকাশ। গণতান্ত্রিক শিল্পী সংঘের এই উদ্যোগ যথেষ্ট প্রশংসার দাবী রাখে।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

পানে ও আপ্যায়নে
চা ঘরের চা
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২

Government of West Bengal
Office of the Superintending Engineer, North Circle,
C. B. dte. Public Works Deptt. P-12, C. I. T. RD. Cal-14

## Notice Invited Tender (ABRIDGED)
## Tender Notice No. 4 of S. E: (N.C) of 1983-84

Sealed Tender is hereby invited for the works from the eligible contractors as per particulars given below and will be received by the Superintending Engineer, North Circle, P. W. ( Construction Board ) Depertment, P-12, C. I. T. Road, 1st floor, Cal-14. In tender box kept in his office chamber upto and time specified therein.

| | |
|---|---|
| a) Name of work | Construction of Pump House (2 Nos) Tubewell (2 Nos) & Pipe lines in connection with upgrading of 25 Bedded P. H. C into a 50 Badded P. H. C. at Nowda (Amtala) in the Dist. of Murshidabad. |
| b) Name & address of Division concerned | Murshidabad Divn. C. B. Directorate P. W. Deptt. 14 Nutanpara, Khagra, Berhampore, Dt. Murshidabad |
| c) Contractor eligible to submit tender | Class I Contractors enlisted of C. B. Directorate and P. W. Directorate and Bonafide reliable outside Contractors |
| d) Estimated value of work put to tender | Rs. 4, 34, 813/- |
| e) Earnest Money | Rs. 8,697/- |
| f) Minimum fixed deposit required for examption for payment of Earnest Money | Rs. 50,000/- with C. B. Dte. in case of enlisted contractors C. B. Dte. only. |
| g) Last date and time limit for receipt of tender & opening of tender | Upto 2-00 P. M. on 23-9-83 and will be opened on the same date at 2-15 P. M in presence of intending tenderers. |
| h) Last date for application regarding permission for bonafide outsiders. | 19-9-83 |
| i) Time for completion of work from the date of intimation of Work-Order | 6 (Six) Month |

Superintending Engineer,
North Circle C B Directt. (PDW)

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ

Government of West Bengal
Office of the Superintending Engineer, North Circle, C. B. dte Public Works Deptt. P-12. C. I. T. RD. Cal-14

## Notice Invited Tender (ABRIDGED)
## Tender Notice No. 3 of S. E. (N. C) of 1983-84

Sealed Tender is hereby invited for the works from the eligible contractors as per particulars given below and will be received by the Superintending Engineer, North Circle, P. W. D (Construction Board) Department, P-12, C. I. T. Road, 1st floor, Cal-14. in tender box kept in his office chamber upto and time specified therein.

| | |
|---|---|
| a) Name of work | Construction of Pump House (2 Nos) Drains, Internal Roads, Path ways, Culvert, Development of site, Sinking of Tubewells ( 2 Nos ) and External water supply distribution line for commodity Research Station under World Bank Project at Pulses & Oil Seeds Farm, Berhampore in the Dist of Murshibabad. |
| b) Name & address of Division Concerned | Murshidabad Divn. C. B. Directorate P. W. Deptt. 14 Nutanpara, Khagra, Berhampore, Dist. Murshidabad |
| c) Contractor eligible to submit tender. | Class I Contractor enlisted of C B. Directorate & P. W. Directorate & Bonafide reliable outside Contractors. |
| d) Estimated value of work put to tender. | Rs. 6,08, 772/- |
| e) Earnest Money. | Rs. 12, 176/- |
| f) Minimum fixed deposit required for examption for payment of Earnest Money | Rs. 50,000/- with C. B. Dte. in case of enlisted contractors of C. B. Dte. only. |
| g) Last date and time limit for receipt of tender & opening of tender. | Upto 2-00 P. M. on 23. 9. 83 and will be opened on the same date at 2-15 P. M. in presence of intending tenderers. |
| h) Last date for application regarding permission for bonafide outsiders. | 19. 9. 83 |
| i) Time for completion of work from the date of intimation of work-Order | 5 (Five) Months |

Superintending Engineer, North Circle,
C. B. Directorate ( P.W.D. )

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ

## পশ্চিমবঙ্গ রাজ্য লটারীর বিশেষ খেলা

পশ্চিমবঙ্গ রাজ্য লটারী সংস্থা এ বছর পূজার পর একটা সুপার বামপার ফেষ্টিভ্যাল ড্র এর আয়োজন করেছেন। এই ড্র এর বৈশিষ্ট হল এতে পুরস্কার মূল্যের ব্যাপক বৃদ্ধি ঘটানো হয়েছে। প্রথম পুরস্কারের মূল্য ধরা হয়েছে ১৬ লক্ষ টাকা। এ ছাড়া প্রত্যেকটি ১ লক্ষ টাকা মূল্যের ছয়টি দ্বিতীয় ও ১০ হাজার টাকা মূল্যের ছয়টি তৃতীয় পুরস্কারও এই সুপার বামপার লটারী থেকে দেওয়া হবে। মোট পুরস্কারের সংখ্যা হবে ১ লক্ষের মত। টিকিটের দাম হবে প্রতিটি ৫ টাকা করে। খেলা হবে ২ নভেম্বর। পশ্চিমবঙ্গ রাজ্য লটারীর অধিকর্তা শ্রীকমলেন্দু দীক্ষিত সাংবাদিকদের এই খবর দেন।

( প্রেস রিলিজ )

১৯৮৩ সালের ২৯শে জুন ভারত সরকার কর্তৃক ( আদেশনামা ১২-৯-৮৩ এফ এ ( জি পি ) সারের দাম কমানো হয়েছে। পূর্বের এবং বর্তমান সারের দাম নিম্নে বর্ণিত হইল।

| সারের নাম | পূর্বের দাম (টন প্রতি) (টাকা) | বর্তমান দাম (টন প্রতি) (টাকা) |
|---|---|---|
| ১) ইউরিয়া ( ৪৬ শতাংশ নাইট্রোজেন ) | ২৩৫০ | ২১৫০ |
| ২) ডি এ পি (১৮-৪৬-০) | ৩৬০০ | ৩৩৫০ |
| ৩) এন পি কে (১৭-১৭-১৭) | ২৬০০ | ২৪০০ |
| ৪) ঐ (১০-২৬-২৬) | ২৯৫০ | ২৭৫০ |
| ৫) ঐ (১৪·২৮-১৪) | ৩০৫০ | ২৮০০ |
| ৬) ঐ (১৪-৩৫-১৪) | ৩৪০০ | ৩১৫০ |
| ৭) ঐ (১২-৩২-১৬) | ৩২৫০ | ৩০০০ |
| ৮) ঐ (১৯-১৯-১৯) | ২৯৫০ | ২৭৫০ |
| ৯) নাইট্রোফস পটাশসহ (১৫-১৫-১৫) | ২১০০ | ১৯৫০ |
| ১০) এ্যামোফস সালফেট (২০-২০·০) | ২৬০০ | ২৪০০ |
| ১১) ঐ (১৬-২০-০) | ২৩০০ | ২১৫০ |
| ১২) নাইট্রো ফসফেট (২০·২০-০) | ২৪০০ | ২২০০ |
| ১৩) ইউরিয়া অ্যামো ফসফেট (২৪-২৪-০) | ৩০৫০ | ২৮০০ |
| ১৪) ঐ (২৮-২৮-০) | ৩৬০০ | ৩৩৫০ |
| ১৫) সুপার ফসফেট ট্রিপল (গ্রানুলার বা দানাদার) | ২৬০০ | ২৪০০ |
| ১৬) ঐ (পাউডার) | ২৪০০ | ২২০০ |
| ১৭) সিঙ্গল সুপার ফসফেট | ৮৯৬ ৭৫পঃ | ৮৫০ |
| ১৮) মিউরিয়েট অফ পটাশ (৬০ শতাংশ পটাশ) | ১৩০০ | ১২০০ |
| ১৯) সালফেট অফ পটাশ (৫০ শতাংশ পটাশ) | ২১০০ | ১৯৫০ |

মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক কর্তৃক প্রচারিত
জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ/৩৪৮(১৫)২৫৮৮৩

## জানে খতম-এর হুমকি

( প্রথম পৃষ্ঠার পর )

গুণ্ডারা নিজামুদ্দিনকে পনের দিনের মধ্যে খতম করে দেবার হুমকী দিয়েও বুক ফুলিয়ে বেড়াচ্ছে বলে সি পি এম নেতার অভিযোগ। এ ব্যাপারে নিজামুদ্দিন জানান, আক্রমণকারীরা কংগ্রেস দলের। ২৫ আগষ্ট তারা তার ভাই আমিরুলকেও খতম করার চেষ্টা করে। আমিরুল কোনোরকমে থানায় ঢুকে পড়ে প্রাণ বাঁচায়। নিজামুদ্দিনের অভিযোগ, পুলিশ সব কিছু জেনেও নিস্ক্রীয় হয়ে রয়েছেন। সমাজবিরোধীদের বিরুদ্ধে থানায় অভিযোগ জানিয়েও ফল হচ্ছে না।

## গৃহবধু বে-ইজ্জত

( ১ম পৃষ্ঠার পর )

হয় এবং ঘেরাও তুলে নেওয়া হয়। মেহেরুন্নেসা অভিযোগ করে, তার শ্বশুরকে সুতী থানার এক দারোগার সামনেই খুন করা হয়েছে। একই অভিযোগ করেছেন আরও বেশ কয়েকজন গ্রামবাসী যারা ওইদিনের ঘটনার প্রত্যক্ষদর্শী বলে নিজেদের দাবী করেছেন। অন্যদিকে ও সি প্রদীপ ব্যানারজি জানান, দারোগার সামনে মারধোরের ঘটনা ঠিক নয়। পুলিশ এ ব্যাপারে তদন্ত সাপেক্ষে যথাযথ ব্যবস্থা নিয়েছে বলে তিনি দাবী করেন। ও সি জানান, অভিযুক্ত সাজাহানের বিরুদ্ধে এর আগেও নাকি মেয়ে-ঘটিত অভিযোগ রয়েছে। এ নিয়ে তদন্ত চলছে। সুতী থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

## সরকারী স্বীকৃতি হারাল

( ১ম পৃষ্ঠার পর )

শেষে পরিশোধ করতে ছাত্রদের নির্দ্দেশ দিয়েছেন। কোন ছাত্র তা না দিলে তার নাম কলেজ থেকে কেটে দেবার সিদ্ধান্ত হয়েছে।

**অধ্যক্ষ নিয়োগ স্থগিত ঃ** জঙ্গিপুর কলেজে অধ্যক্ষ পদে কলেজেরই অধ্যাপক অতুলচন্দ্র সরকারকে মনোনয়ন করে পশ্চিমবঙ্গ সারভিস কমিশন যে প্রস্তাব পাঠিয়েছিলেন কলেজ গভর্নিং বডি সে প্রস্তাব নাকচ করে দিয়েছেন। শ্রীসরকারের অনার্স ও প্রশাসনিক পূর্ব অভিজ্ঞতা না থাকার কারণেই এই নাকচের সিদ্ধান্ত। সিদ্ধান্ত হয়েছে কলেজের কোন অধ্যাপককে অধ্যক্ষ পদে নিয়োগ করা হবে না।

National Thermal Power Corporation Limited
Farakka Super Thermal Power Project
Farakka, Murshidabad, (West Bengal)

Applications are invited from the interested parties to be considered for allotment of shops in Parmanent Township located at Khejuria Ghat, Dist Malda, for the following trades :—

| | | |
|---|---|---|
| 1 | Grocery Shop | 2 nos |
| 2 | Stationery Shop | 2 nos |
| 3 | Saloon | 1 no |
| 4 | Cloth Shop | 2 nos |
| 5 | Flour Mill | 1 no |
| 6 | Restaurants | 2 nos |
| 7 | Newspapers periodicals & books | 1 no |
| 8 | Medical Shop | 1 no |

Interested parties are requested to fill in the application form as per details below :—

1 Name—
2 Address—
3 Whether SC/ST/Ex-Service man/Land oustee
4 Experience in the trade—
5 IPO No ..............for Rs 15/-
6 Signature—

Duly filled in application with IPO for Rs 15/- and a Bank Draft of Rs 500/- towards earnest money drawn in favour of M/s NTPC, FSTPP, should be sent to the Dy. Manager (Admn) by 15th September, 1983 positively. Applications after this date will not be considered.

Dy. MANAGER (Admn)

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।